



কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
Cox's Bazar Palli Bidyut Samity
ঝিলংজা, কক্সবাজার।

জেনারেল ম্যানেজারের কার্যালয়
ঝিলংজা, কক্সবাজার।
e-mail: coxpbbs@gmail.com
web: www.pbs.coxsbazar.gov.bd
Mobile No: 01769-400023

স্মারক নং-২৭.১২.২২২৪.৫১৫.০১.০৩৮.২৫. ৩৪১১

তারিখ : ২৪ আষাঢ়' ১৪৩২ বাংলা
০৮ জুলাই' ২০২৫ খ্রিঃ

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান প্রসংগে।

কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় ডট প্রিন্টারের বিবন ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত আমদানীকারক/ডিলার/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে RFQ (রিকোয়েস্ট ফর কোটেশন) এর মাধ্যমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য (টাকা)
১	Epson LQ-2180/2190 Printer এর বিবন Brand: Fullmark/Inmor Length: 60 Meter (Original)	৩১০ টি		
কথায়ঃ				


দরপত্র গ্রহন, খোলার স্থান এবং সময়সূচি

দরপত্র গ্রহন ও খোলার স্থান	সময়সূচি
ক) সদর দপ্তর, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিলংজা, কক্সবাজার (সদর দপ্তর)।	দরপত্র গ্রহনের শেষ সময় : ১৬/০৭/২০২৫খ্রিঃ রোজ বুধবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত। দরপত্র খোলার সময় : ১৬/০৭/২০২৫খ্রিঃ রোজ বুধবার দুপুর ১২:০৫ ঘটিকা।

শর্তাবলী:-


- আগ্রহী দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেড প্যাডে উপরে বর্ণিত সময়সীমার দিন, তারিখ ও সময়ে জেনারেল ম্যানেজার কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, ঝিলংজা, কক্সবাজার-এর রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র জমা প্রদান করতে হবে। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী অত্র পবিসের সদর দপ্তর, ঝিলংজা, কক্সবাজার-এ আগ্রহী দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরপত্রের খামের উপর “ডট প্রিন্টারের বিবন সরবরাহের দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ (ক) বৈধ ট্রেড লাইসেন্স (খ) ভ্যাট রেজিস্ট্রেশন (গ) ব্যাংক সলভেন্সী ও (ঘ) আয়কর সনদ (ঙ) এজেন্ট/ডিলার এর কাগজপত্র প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- সফল দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে মালামাল নিজ খরচে কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে পৌঁছাতে হবে। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তিমূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশের মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- মালামাল সমূহ উপরে বর্ণিত বিবরণ ও পবিস কর্তৃক প্রদত্ত নমুনা মোতাবেক হতে হবে। মালামাল সরবরাহের পর সমিতি কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে গুণগতমান যাচাই করা হবে। সরবরাহকৃত মালামালের গুণগতমান সন্তোষজনক না হলে সমিতি কর্তৃক কোন ক্রমেই মালামাল গ্রহণ করা হবে না।
- মালামাল সমূহের ০৬ মাসের ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টিকালের মধ্যে কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে নিজ খরচে তা পরিবর্তন করে দিতে হবে।

- ০৮। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে কক্সবাজার পবিস কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৯। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট/আয় কর কর্তন করা হবে।
- ১০। কক্সবাজার পবিস কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ছাড়াই যে কোন /সকল দরপত্র গ্রহন বা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।
- ১১। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।


(মকবুল আলম)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

- ০১। পরিচালক পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- (বাপবিবোর্ডের ওয়েব সাইট-এ দরপত্র প্রকাশের নিমিত্তে অনুরোধসহ)।
- ০৩। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ০৪। পুলিশ সুপার, কক্সবাজার।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌঃ, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, কক্সবাজার।
- ০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, কক্সবাজার।
- ০৮। ডিজিএম, চকরিয়া জোনাল অফিস, কক্সবাজার পবিস।
- ০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার।
- ১০। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব/প্রশাসন), কক্সবাজার পবিস।
- ১১। এজিএম (আইটি-১/২), কক্সবাজার পবিস, (বিজ্ঞপ্তিটি কক্সবাজার পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
- ১২। মেসার্স
- ১৩। নোটিশ বোর্ড, কক্সবাজার পবিস/ওয়েব সাইট: www.pbs.coxsbazar.gov.bd
- ১৪। অফিস কপি/মাষ্টার ফাইল।


(মকবুল আলম)
জেনারেল ম্যানেজার